



রোববার, ১৬ এপ্রিল ২০২৩

## কুতুবদিয়ায় জনসাধারণের সাথে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের মতবিনিময়

প্রকাশিত - মার্চ ২৪, ২০২৩ ১২:৩৪ এএম



### সংবাদ বিজ্ঞপ্তি:

কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক) এর উদ্যোগে গতকাল কুতুবদিয়া উপজেলা বড়ঘোপ ইউনিয়ন স্টেশন চত্বরে একটি হোটেলের হলরুমে জেলার মহাপরিকল্পনা, ইমারত নির্মাণ বিধিমালা এবং ভূমির যৌক্তিক ব্যবহার নিয়ে এক মতবিনিময় সভা আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক) চেয়ারম্যান কমোডর মোহাম্মদ নুরুল আবছার, এনজিপি, এনডিসি, পিএসসি, বিএন (অবঃ)। সভায় স্থানীয় জনপ্রতিনিধিগণ, রাজনৈতিক নেতৃবৃন্দসহ সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

সভাপতির বক্তব্যে কউক চেয়ারম্যান কমোডর মোহাম্মদ

নুরুল আবছার বলেন কুতুবদিয়া উপজেলাকে ঢেলে সাজাতে পুরো দীপকে মহাপরিকল্পনার আওতায় আনা হয়েছে। মহাপরিকল্পনা এবং ইমারত নির্মাণ বিধিমালার আলোকে সমুদ্র কণ্যা কুতুবদিয়াকে গড়ে তোলা হবে। নিজেকে কক্সবাজারের সন্তান উল্লেখ করে তিনি বলেন, কক্সবাজারের প্রতিটা উপজেলা আমার চেনাজানা। তাই আপনাদের সাথে নিয়ে মহাপরিকল্পনা এবং ইমারত নির্মাণ বিধিমালা অনুযায়ী পরিকল্পিত ভাবে পর্যটনবান্ধব কক্সবাজার জেলা গঠনের কার্যক্রম শুরু করতে চাই। এই জন্য সকলের মাঝে সচেতনতা সৃষ্টি করা খুবই জরুরি। মহাপরিকল্পনা এবং ইমারত নির্মাণ বিধিমালা বিষয়ে সচেতনতা সৃষ্টির মাধ্যমে দেশবাসীকে একটি সুন্দর ও পরিকল্পিত নগরী উপহার দেয়া সম্ভব বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

স্থানীয় জনগণের উপস্থিতিতে প্রাণবন্ত এই অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কক্সবাজার জেলা পরিষদ সদস্য জনাব নুরুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সভাপতি জনাব আওরঙ্গজেব, কৈয়ারবিল ইউপি চেয়ারম্যান আজমগীর মাতবর প্রমুখ। এ সময় কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য (প্রকৌশল) লে: কর্নেল মো: খিজির খান পি ইঞ্জ, উপ-নগর পরিকল্পনাবিদ জনাব তানভির হাসান রেজাউল, অথরাইজড অফিসার জনাব রিশাদ উন নবীসহ সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।